

প্রথম ষাণ্ণে

তারিখ: ১. ৫. JAN 2013
১: ০০ ১: ৫৫

সরবরাহ কম, নতুন বই পাচ্ছে না ১৮০০ শিক্ষার্থী

ব্রাহ্মণবাড়িয়া (বাছুরামপুর) প্রতিনিধি •

ব্রাহ্মণবাড়িয়ার বাছুরামপুর উপজেলায় ষষ্ঠ শ্রেণীর এক হাজারের বেশি ও সপ্তম শ্রেণীর ৮০০ শিক্ষার্থী এ বছর নতুন বই পাচ্ছে না। চাহিদার তুলনায় সরবরাহ কম থাকায় এ সংকটের সৃষ্টি হয়েছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় সূত্র জানায়, উপজেলার ১৩০টি প্রাথমিক বিদ্যালয় থেকে এ বছর ছয় হাজার ৩৭৪ জনের মধ্যে পাঁচ হাজার ৯০২ জন পরীক্ষার্থী সমাপনী পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে পাঁচ হাজার ৭২৫ জন কৃতকার্ণ হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় সূত্র জানায়, ষষ্ঠ শ্রেণীর জন্য ছয় হাজার ও সপ্তম শ্রেণীর জন্য পাঁচ হাজার সের্ট নতুন বই চেয়ে জেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ের মাধ্যমে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে চাহিদাপত্র পঠানো হয়। চাহিদার অনুকূলে ষষ্ঠ শ্রেণীর শিক্ষার্থীদের জন্য চার হাজার ৭০০ সের্ট এবং সপ্তম শ্রেণীর জন্য চার হাজার ২০০ সের্ট নতুন বই বরাদ্দ দেওয়া হয়।

উপজেলা সদরের বাছুরামপুর বাসিকা উচ্চবিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. সিরাজুল ইসলাম বলেন, ষষ্ঠ শ্রেণীর জন্য ৩৭০ সের্ট নতুন বইয়ের চাহিদা দিয়ে ৩০০ সের্ট পেয়েছি। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মোকাররম হোসেন বলেন, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকেরা যে পরিমাণ চাহিদা পাঠিয়েছেন, তার চেয়ে ৫০-৬০ সের্ট কম বই দিয়েছি। চাহিদাখতো তুলত বই পেতে জেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়, আঞ্চলিক কার্যালয় কুমিল্লা, জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড এবং মহাপরিচালক বরাবরও দিয়েছি। উরা সময় করতে কলছেন। বই না পেলে কী দিয়ে সময় করব?

জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সুবোধ চন্দ্র চৌধুরী মুঠোফোনে প্রথম আলোকে বলেন, জেলার সব ষষ্ঠ উপজেলায় খোঁজ দিয়ে দেখছি, কোথাও বই বেশি বরাদ্দ পেয়ে কি না। কোনো উপজেলায় বেশি বই পেলে তার সঙ্গে সময় করতে হবে। অন্যথায় আঞ্চলিক কার্যালয় কুমিল্লার সঙ্গে যোগাযোগ করে সময় করতে হবে।